



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ, ওয়াসা ভবন



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/১০৯

তারিখঃ ৩০/০১/২০২৩

বার্তা সম্পাদক

সকল দৈনিক পত্রিকা সমূহ/ইলেকট্রনিক মিডিয়া সমূহ
ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

দৈনিক সমকাল পত্রিকার বিরুদ্ধে প্রেস কাউন্সিলে ঢাকা ওয়াসার মামলা

৩০ জানুয়ারি, ২০২৩ তারিখে “দৈনিক সমকাল” পত্রিকার সম্পাদক, প্রকাশক ও প্রতিবেদকসহ মোট ৩ (তিন) জনকে অভিযুক্ত করে প্রেস কাউন্সিলে একটি মামলা রুজু করেছে ঢাকা ওয়াসা। ঢাকা ওয়াসা ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী জনাব তাকসিম এ খান এর পক্ষে এ মামলা দায়ের করেন ব্যারিস্টার সৈয়দ মাহসিব হোসেন। উল্লেখ্য, গত ০৯ জানুয়ারি, ২০২৩ তারিখে “দৈনিক সমকাল” পত্রিকার প্রথম পাতায় “ওয়াসার তাকসিমের যুক্তরাষ্ট্রে ১৪ বাড়ি!” শিরোনামে প্রকাশিত আপত্তিজনক, অসত্য, কাল্পনিক ও বানোয়াট সংবাদ প্রকাশের পরিপ্রেক্ষিতে প্রেস কাউন্সিল এ্যাক্ট, ১৯৭৪ এর ১২ ধারার আলোকে বিচার প্রার্থনা করে এ মামলা দায়ের করা হয়।

প্রসংগতঃ উল্লেখ্য যে, গত ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখে সংশ্লিষ্ট পত্রিকার প্রতিবেদক জনাব হকিকত জাহান হকি সহ পত্রিকার সম্পাদক ও প্রকাশকের বিরুদ্ধে ব্যারিস্টার এ. এম. মাসুম স্বাক্ষরিত একটি লিগ্যাল নোটিশ ইস্যু করা হয়। এতদ্বিষয়ে ঢাকা ওয়াসা থেকে আলোচ্য পত্রিকায় একটি প্রতিবাদ লিপি গত ০৯ জানুয়ারি, ২০২৩ তারিখেই প্রেরণ করা হয়েছিল, যা পত্রিকাটি অদ্যাবধি প্রকাশ করেনি।

ইস্যুকৃত এ লিগ্যাল নোটিশে সমকাল সম্পাদক, প্রকাশক ও প্রতিবেদককে নোটিশ প্রাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে প্রতিবেদনের সত্যতার প্রমাণাদি সহ এর তথ্যসূত্র উল্লেখ করে জবাব দিতে বলা হয়। অন্যথায়, দেশের প্রচলিত আইন অনুযায়ী তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে নোটিশে জানানো হয়। যেহেতু পত্রিকাটির পক্ষ থেকে নোটিশের বিপরীতে কোনো জবাব আসেনি, তাই আজ ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখে প্রেস কাউন্সিলে আলোচ্য মিথ্যা প্রতিবেদনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

পরিশেষে, বিষয় উল্লেখিত ঢাকা ওয়াসার প্রেস বিজ্ঞপ্তিটি আপনাদের স্বনামধন্য পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া সমূহে প্রকাশ/প্রচার করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে

এ. এম. মোস্তফা তারেক

উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা

ঢাকা ওয়াসা।